

### পীরগঞ্জে স্পিকার

# সরকার শিক্ষাকে সর্বাপেক্ষা অগ্রাধিকার দিয়েছে

নিজস্ব বার্তা পরিবেশক

সিপিএ চেয়ারপার্সন ও জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে মৌলিক অধিকার নিশ্চিত ও অবকাঠামোগত উন্নয়নে বর্তমান সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বাংলাদেশকে উন্নয়নের রোল মডেল উল্লেখ করে তিনি বলেন, দেশে বিশ্বমানের শিক্ষা নিশ্চিত করে অচিরেই বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠা সম্ভব হবে। গতকাল স্পিকার তার নির্বাচনী এলাকা পীরগঞ্জের খালাশপীর বঙ্গবন্ধু ডিগ্রি কলেজ মাঠে বঙ্গমাতা পরিষদ রংপুর-এর সহযোগিতায় পীরগঞ্জ উপজেলার এসএসসি পর্যায়ের কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

খালাশপীর বঙ্গবন্ধু ডিগ্রি কলেজের অধ্যক্ষ আলহাজ মোমিনুল ইসলাম রনতুর সঞ্চালনায় সংবর্ধনা অনুষ্ঠানে ও মোকাররম হোসেন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন দিনাজপুর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আহমদ হোসেন।

কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের (সিপিএ) নির্বাহী কমিটির চেয়ারপারসন ড. শিরীন শারমিন চৌধুরী অনুষ্ঠানে বর্তমান সরকার আমলের বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ড তুলে ধরে বলেন, এ সব উন্নয়নের সুফল এখন জনগণ ভোগ করেছেন। তিনি বলেন, তথ্য প্রযুক্তির সঙ্গে প্রান্তিক পর্যায়ে জনগণকে সম্পৃক্ত করতে সরকার ৪ হাজার ৫শ ইউনিয়নে ডিজিটাল সেন্টার স্থাপন করেছে। এর মাধ্যমে তৃণমূল পর্যায়ে তথ্যপ্রযুক্তি সেবা পৌঁছে দেয়া হয়েছে। স্পিকার বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ভিশন ২০২১ বাস্তবায়নে কাজ করছে সরকার। সরকার ইতোমধ্যে ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত দেশে পরিণত করার লক্ষ্য নির্ধারণ করেছে। সামগ্রিক পরিকল্পনায় শিক্ষাকে অগ্রাধিকার খাত হিসেবে গুরুত্ব দেয়া হচ্ছে। স্পিকার বলেন, বাংলাদেশ আজ অর্থনৈতিক সূচকে সফলভাবে এগিয়ে চলেছে। জনগণের জীবনমান উন্নয়নে কাজ করে যাচ্ছে শেখ হাসিনা সরকার।

অনুষ্ঠানে তিনি পীরগঞ্জ উপজেলায় এসএসসিতে উত্তীর্ণ কৃতী শিক্ষার্থীদের মধ্যে সনদ বিতরণ করেন।

এর আগে তিনি পীরগঞ্জের বাহাদুরপুর কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি সেবা গ্রহীতাদের সঙ্গে কথা বলেন এবং গর্ভবতী মায়ের স্বাস্থ্য পরিচর্যা ও পুষ্টিমান নিশ্চিত করার প্রতি গুরুত্বারোপ করেন। এছাড়াও তিনি রায়পুর ইউনিয়ন পরিষদ ও রায়পুর ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন করেন । শিরীন শারমিন এ সময় স্থানীয় নারীদের সঙ্গে কুশলাদি বিনিময় করেন।

পরে তিনি পীরগঞ্জ উপজেলা পরিষদ চত্বরে উপজেলা প্রশাসন ও উপজেলা আওয়ামী লীগের আয়োজনে এক সুধী সমাবেশে যোগ দেন এবং পীরগঞ্জ মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন, কেন্দ্রীয় শহীদ মিনার, দুটি বিদ্যালয়ের একডেমিক ভবনের ভিত্তিপ্রস্তর উদ্বোধনসহ ২২টি ব্রিজ, কালভার্টের উদ্বোধন করেন। এ সময় তিনি সাম্প্রতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের মাঝে ঢেউটিন এবং বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের মাঝে হুইল চেয়ার বিতরণ করেন। এছাড়াও ভাষা ও সাহিত্য প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

উপজেলা নির্বাহী অফিসার কমল কুমার ঘোষের সভাপতিত্বে সুধী সমাবেশে বক্তব্য রাখেন রংপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি একেএম ছায়াদাত হোসেন বকুল, পীরগঞ্জ উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক তাজিমুল ইসলাম শামীম প্রমুখ।